মূল্য: টাকা- ৩০০০/- (অফেরতযোগ্য)

| আবেদন পত্রের ক্রমিক নং |
| --- |
| |

| আবেদনের শ্রেণি/ক্যাটাগরি |
| --- |
| |

# চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

ছবি
(২ কপি সত্যায়িত)

(আঠালো গাম দিয়ে লাগাতে হবে)

## দেওয়ানহাট এপার্টমেন্ট কমপ্লেক্স "কল্পতরু" প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের আবেদন পত্র

| | |
| --- | --- |
| ১। আবেদনকারীর নাম : | |
| ২। পিতার নাম : | |
| ৩। মাতার নাম : | |
| ৪। স্বামী/স্ত্রীর নাম : | |
| ৫। বর্তমান ঠিকানা : | |
| | |
| | |
| ৬। স্থায়ী ঠিকানা : | |
| | |
| | |
| ৭। বয়স ও জন্ম তারিখ : | (বয়সের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে) |
| ৮। জাতীয় পরিচয়পত্র নং : | (পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে) |
| ৯। পেশা (সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থার চাকুরীজীবীর ক্ষেত্রে) : | |
| (ক) | পদের নাম : |
| (খ) | সংস্থার নাম : |
| (গ) | চাকুরীতে যোগদানের তারিখ : |
| (ঘ) | বর্তমান কর্মস্থলের ঠিকানা : |
| (ঙ) | ফোন/ফ্যাক্স/ই-মেইল : |
| (চ) | বেতন স্কেল : |
| (ছ) | মূল বেতন : |
| (জ) | বাৎসরিক আয়ের পরিমাণ (টাকায়) : |
| | (কথায়: ) |

২১) বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকগণ ওয়েব সাইট থেকে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। এক্ষেত্রে আবেদন ফরমের মূল্য বাবদ অতিরিক্ত ৩,০০০/- টাকা এবং জামানত হিসেবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট চেয়ারম্যান, চউক এর বরাবরে দাখিল করতে হবে। ওয়েব সাইট থেকে সংগৃহীত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে পূবালী ব্যাংক লিঃ, চউক শাখায় জমা করতে হবে।

২২) আবেদনপত্রের যেকোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন এবং আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৩) যে কোন জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৪) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কোন প্রকল্পে আবেদনকারী নিজের নামে ইতিপূর্বে আবাসিক ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত হলে তিনি ফ্ল্যাট বরাদ্দের আবেদনের যোগ্য বিবেচিত হবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হলে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

২৫) বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার পরে বরাদ্দপত্রের যে কোন শর্ত লংঘন করলে বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

২৬) বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী এক বছর সময়সীমার মধ্যে চেয়ারম্যান, চউক বরাবরে আবেদন করতে হবে। অবশিষ্ট কিস্তির সমুদয় টাকা ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দপত্র গ্রহণ করে নিয়মিতভাবে পরিশোধ করতে বাধ্য থাকবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাঁর ওয়ারিশগণের উপরও বর্তাবে। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত টাকার ৫ শতাংশ কর্তন করে তিন মাসের মধ্যে বাকী টাকা ফেরৎ দেয়া হবে।

২৭) প্রত্যেক ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতার জন্য নির্ধারিত ফ্ল্যাটের মূল্য ধার্য করা হয়েছে প্রতি বর্গফুট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। ফ্ল্যাট বরাদ্দের আবেদনের ক্ষেত্রে আবেদনাকারীকে অবশ্যই আয়ের উৎস থাকতে হবে এবং আবেদনের সাথে টি.আই.এন সনদ দাখিল করতে হবে। প্রত্যেক আবেদনকারীকে চউক এর নমুনা মোতাবেক ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে হলফনামা প্রদান করতে হবে।

২৮) কৃতকার্য ইজারা গ্রহীতা বা বরাদ্দ গ্রহীতা এমন ভাবে বসবাস করবেন যাতে অন্যান্য ইজারা বা বরাদ্দ গ্রহীতার অসুবিধা না হয়।

# নমুনা

মাননীয় সিনিয়র/সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এর আদালত,
সদর, চট্টগ্রাম /
মাননীয় স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর আদালত,
চউক ভবন, চট্টগ্রাম।

ছবি
(২ কপি সত্যায়িত)

## হলফনামা

| | | | |
|---|---|---|---|
| আমি: | | পিতা: | |
| স্বামী (প্রযোজ্য ক্ষেত্রে): | | মাতা: | |
| স্থায়ী ঠিকানা: | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ধর্ম: | | পেশা: | | বয়স: | |

বৎসর, জাতীয়তা-বাংলাদেশী স্বেচ্ছায় ও স্বজ্ঞানে এ মর্মে ঘোষণা ও অংগীকার করছি যে, আমার নিজ নামে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কোন প্রকল্পে ইতোপূর্বে কোন আবাসিক ফ্ল্যাটের বরাদ্দ প্রাপ্ত হইনি বা ফ্ল্যাট বরাদ্দ গ্রহণ করিনি।

আমি আরো ঘোষণা করছি যে, আমার উপরোক্ত তথ্যাদি ভূল বা অসত্য প্রমাণিত হলে চউক আমার কর্তৃক জমাকৃত জামানতের টাকা, এমনকি ফ্ল্যাট বরাদ্দের পর/ইজারা দলিল সম্পাদন ও দখল দেওয়ার পরও আমার ফ্ল্যাটের বরাদ্দ বা লীজ বাতিল করতঃ জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করতে এবং চউক পুনঃ দখল করতে পারবে।

উক্ত ঘোষণা সম্পূর্ণ সত্য ও নির্ভূল।

হলফকারীর স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত, তিনি আমার সম্মুখে সই করিয়াছেন, আমি তার পরিচয় প্রদানকারী।

এডভোকেট

৬) বাংলাদেশী সকল নাগরিক (নূন্যতম ১৮ বছর বয়সী) আবেদন করতে পারবে।

৭) যে কোন কিস্তির টাকা নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করা না হলে বরাদ্দ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এক্ষেত্রে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে। তবে পরিশোধিত কিস্তি ও সুদের টাকা বরাদ্দ প্রাপককে ফেরৎ দেওয়া হবে।

৮) সম্পূর্ণ প্রিমিয়াম পরিশোধের পর বরাদ্দ গ্রহীতকে চউকের সাথে ইজারা দলিল সম্পাদক করতে হবে। এক্ষেত্রে যাবতীয় খরচ বরাদ্দ গ্রহীতাকে বহন করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধ করা হলে নির্মাণ কাজ সমাপ্তির পর এপার্টমেন্টের দখল হস্তান্তর করা হবে। কোন কারণে দখল প্রদানে বিলম্ব হলে বরাদ্দ গ্রহীতা কোন প্রকার ক্ষতিপূরণ বা সুদ দাবী করতে পারবেন না।

৯) প্রতিটি ফ্ল্যাট ৯৯ বৎসরের জন্য ইজারা প্রদান করা হবে। সেক্ষেত্রে ফ্ল্যাটের পরিমাপের সাথে আনুপাতিক হরে জমির RATIO প্রদান করা হবে।

১০) দলিল সম্পাদনের পূর্বে কোন বরাদ্দ গ্রহীতা তার বরাদ্দ কর্তৃপক্ষের নিকট প্রত্যর্পন করতে পারবেন। তবে সেক্ষেত্রে তার জামানত বাজেয়াপ্ত হবে। প্রিমিয়াম ও সুদের টাকা ফেরৎ প্রদান করা হবে।

১১) ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতা ফ্ল্যাটের রেজিষ্ট্রেশন ও দখল গ্রহণের পর প্রয়োজনে চউক এর অনুমতি সাপেক্ষে ফ্ল্যাট বরাদ্দ নীতিমালা অনুসারে যাবতীয় ফি পরিশোধ করে ফ্ল্যাট হস্তান্তর করতে পারবেন।

১২) ৪৫টি ফ্ল্যাট মালিকের জন্য ৪৫টি গাড়ী পার্কিংয়ের ব্যবস্থা রাখা হবে। আগ্রহী ফ্ল্যাট মালিকে গাড়ী পার্কিংয়ের জন্য এককালীন ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং ইউটিলিটি বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা সর্বশেষ কিস্তির সাথে চেয়ারম্যান, চউক বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূলে পরিশোধ করতে।

১৩) প্রকল্প/বিল্ডিং এর নিরাপত্তা, সামগ্রিক রক্ষণা-বেক্ষন, জরুরী বিদ্যুৎ ব্যবস্থার জন্য জেনারেটরের জ্বালানী সরবরাহ ও রক্ষণা-বেক্ষন এবং বিভিন্ন সংস্থার বিল পরিশোধ সহ ইউটিলিটি সার্ভিস এর জন্য বরাদ্দ গ্রহীতাগণ চউক এর অনুমতি সাপেক্ষে একটি কো-অপারেটিভ সোসাইটি গঠন করবেন। কো-অপরেটিভ সোসাইটির একটি গঠনতন্ত্র থাকবে। গঠনতন্ত্র অনুযায়ী ইউটিলিটি সার্ভিস সহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাৎক্ষনিক সমস্যা সমাধানের জন্য কো-অপারেটিভ সোসাইটির নিকট নূন্যতম ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা রিজার্ভ ফান্ড থাকতে হবে।

১৪) চউক ইউটিলিটি সার্ভিসের মধ্যে বিদ্যুৎ, গ্যাস, পানি, লিফট, সিসিটিভি, ডিস ক্যাবল লাইন, ইন্টারকম, টিএনটি, ইন্টারনেট সংযোগের ব্যবস্থা কেন্দ্রীয়ভাবে প্রদান করা হবে। কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে ইউটিলিটি সার্ভিস প্রদান করতে হবে। প্রতিমাসে নির্দিষ্ট হারে ফ্ল্যাট মালিক হতে সার্ভিস চার্জ কো-অপারেটিভ সোসাইটি আদায় করবেন এবং পরিশোধও করবেন। বকেয়া বিলের জন্য চউক কোনভাবে দায়ী থাকবেন না।

১৫) আবাসিক ফ্ল্যাট ব্লককে বাণিজ্যিক বা অফিস হিসেবে ব্যতিক্রমী কোন ব্যবহার করা যাবে না।

১৬) ফ্ল্যাটের পরিমাণ সরেজমিনে কম/বেশী হলে নির্ধারিত মূল্য অনুযায়ী হারাহারিভাবে ফ্ল্যাটের মূল্য পরিশোধ করতে হবে বা ফেরত প্রদান করা হবে।

১৭) প্রকল্পের অবকাঠামোগত উন্নয়ন খাতে ব্যয় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ দখল প্রদান বা রেজিষ্ট্রি প্রদানের পূর্বে মূল্য বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এক্ষেত্রে বরাদ্দ গ্রহীতা বর্ধিত মূল্য পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১৮) এপার্টমেন্ট/ফ্ল্যাট বাড়ীতে বিদ্যুৎ, পানি ও গ্যাস ইত্যাদির মাসিক বিল ইজারা/বরাদ্দ গ্রহীতা বহন করবেন।

১৯) চউক প্রয়োজন বোধে এপার্টমেন্ট এর নির্দিষ্ট ডিজাইন লে-আউট প্ল্যান এবং অন্যান্য সুবিধাদি অনিবার্য কারণ বশতঃ অথবা ক্রেতাদের বৃহত্তর স্বার্থে পরিবর্তন করতে পারবে। এক্ষেত্রে বরাদ্দগ্রহীতাগণ কোনরূপ অভিযোগ উত্থাপন করতে পারবেন না।

২০) চউকের প্রায় ১৫.৬৫ কাঠা জমির উপর ২য় তলা হতে ১০তম তলা পর্যন্ত ৫টি ফ্ল্যাট হিসেবে মোট ৪৫টি ফ্ল্যাট তৈরী করা হবে। মোট ১০তম তলা ভবনের নীচতলা ও বেসমেন্ট গাড়ী পার্কিং এর জন্য রিজার্ভ রাখা হয়েছে।

## 'চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের দেওয়ানহাট এপার্টমেন্ট কমপ্লেক্স "কল্পতরু" প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের প্রসপেক্টাস

১) চউক দেওয়ানহাট ফ্ল্যাট/এপার্টমেন্ট প্রকল্প কল্পতরু এর ফ্ল্যাট বরাদ্দ গ্রহণে আগ্রহী আবেদনকারীকে চউকের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমের সাথে পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে। সাদা কাগেজ আবেদন গ্রহণযোগ্য হবে না।

২) ফ্ল্যাট বরাদ্দের আবেদনের সাথে জামানত হিসেবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট চেয়ারম্যান, চউক বরাবরে দাখিল করতে হবে। লটারীতে বিজয়ী ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতাকে ফ্ল্যাটের অবশিষ্ট মূল্য ৪ বৎসরে ত্রৈ-মাসিক সমান কিস্তিতে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কিস্তি পরিশোধ করা না হলে বিলম্বে পরিশোধিত কিস্তির উপর বিলম্বকালীন সময়ের জন্য ১৬% হারে সুদ প্রদান করতে হবে।

৩) **শ্রেণীভিত্তিক ফ্ল্যাট সংখ্যা নির্ধারণ ঃ** উপরের অনুচ্ছেদে উল্লেখিত শ্রেণীর/ক্যাটাগরীর আবেদনকারীর অনুকূলে বরাদ্দযোগ্য ফ্ল্যাটের সংখ্যার অনুপাত নিম্নোক্ত হারে ফ্ল্যাট বরাদ্দ প্রাদন করা হবে-

| ক্রমিক নং | শ্রেণী/ক্যাটাগরী | শতকরা হার ও ফ্ল্যাট সংখ্যা | ফ্ল্যাট টাইপ |
|---|---|---|---|
| ১ | মুক্তিযোদ্ধ/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য | ৫%/ ২টি | |
| ২ | জনপ্রতিনিধি (মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী/সংসদ সদস্য) | ৩%/ ১টি | |
| ৩ | বিচারপতি (হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ বিচারপতি) | ৩%/ ১টি | |
| ৪ | প্রতিরক্ষা বাহিনীর সদস্য (সামরিক ও আধা-সামরিক বাহিনী) (চাকুরীরত/অবসরপ্রাপ্ত) | ২%/ ১টি | |
| ৫ | সরকারী, আধাসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী (চাকুরীরত/অবসরপ্রাপ্ত) | ২৪%/ ১১টি | |
| ৬ | বেসরকারী চাকুরী- বেসরকারী প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা ও সমপর্যারেয়র প্রতিষ্ঠান এবং সমুদ্রগামী জাহাজে কর্মরত/কর্মচারী (চাকুরীরত/অবসরপ্রাপ্ত) | ১০%/ ৫টি | |
| ৭ | বুদ্ধিজীবী- শিল্পী/সাহিত্যিক/সংস্কৃতি কর্মী/ক্রীড়াবিদ/সাংবাদিক/আইনজীবি | ৫%/ ২টি | |
| ৮ | ব্যবসায়ী ও শিল্পপতি | ১০%/ ৫টি | |
| ৯ | বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিক | ২৫%/ ১১টি | |
| ১০ | চউক কর্মকর্তা/কর্মচারী | ৩%/ ১টি | |
| ১১ | সংরক্ষিত (চউক ও মন্ত্রনালয়) | ১০%/ ৫টি | |
| | **সর্বমোট-** | **১০০%/ ৪৫টি** | |

৪) আবেদনকারী লটারীর মাধ্যমে প্রাপ্ত ফ্ল্যাট নিতে বাদ্য থাকবেন। কোনন ক্যাটাগরীতে আবেদন কম পাওয়া গেলে বা কোন আবেদন পাওয়া না গেলে ক্যাটাগারীর প্রাপ্ত আবেদন হতে আনুপাতিক হারে লটারীর মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে।

৫) আবেদনকারীকে সরকারের নির্ধারিত হারে প্রযোজ্য সকল ট্যাক্স/ভ্যাট পরিশোধ করতে হবে।

আবেদনপত্রের সহিত চউক এর নিকট প্রেরিতব্য।

| ব্যাংক স্ক্রল নং- | |
|---|---|

# চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, কোর্ট রোড, চট্টগ্রাম।
web: www.cda.gov.bd

## দেওয়ানহাট এপার্টমেন্ট কমপ্লেক্স "কল্পতরু" প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের আবেদনপত্র ও জামানতের টাকা জমা দেওয়ার রসিদ বা প্রাপ্তি স্বীকারপত্র

জনাব/বেগম :

পিতার নাম :

মাতার নাম :

স্বামী/স্ত্রীর নাম :

আবেদনপত্র ও জামানত বাবদ ব্যাংকের শাখা হতে

ইস্যুকৃত তারিখের নম্বর পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট মূলে

টাকা (কথায়: )

বুঝিয়া পাইলাম।

| আবেদনপত্রের ক্রমিক নং | আবেদনের শ্রেণি/ক্যাটাগরি |
|---|---|
| | |

ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তার দস্তখত ও সীলমোহর

---

আবেদনকারীর অংশ


| ব্যাংক স্ক্রল নং- | |
|---|---|

# চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, কোর্ট রোড, চট্টগ্রাম।
web: www.cda.gov.bd

## দেওয়ানহাট এপার্টমেন্ট কমপ্লেক্স "কল্পতরু" প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের আবেদনপত্র ও জামানতের টাকা জমা দেওয়ার রসিদ বা প্রাপ্তি স্বীকারপত্র

জনাব/বেগম :

পিতার নাম :

মাতার নাম :

স্বামী/স্ত্রীর নাম :

আবেদনপত্র ও জামানত বাবদ ব্যাংকের শাখা হতে

ইস্যুকৃত তারিখের নম্বর পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট মূলে

টাকা (কথায়: )

বুঝিয়া পাইলাম।

| আবেদনপত্রের ক্রমিক নং | আবেদনের শ্রেণি/ক্যাটাগরি |
|---|---|
| | |

ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তার দস্তখত ও সীলমোহর

| | | |
|---|---|---|
| ১০। পেশা (বেসরকারী/ অন্যান্য) | : | |
| | | |
| | | বাৎসরিক আয়ের পরিমাণ (টাকায়) |
| ১১। জাতীয়তা | : | |
| ১২। টেলিফোন/মোবাইল নং/ই-মেইল | : | |
| ১৩। ক্যাটাগরি/শ্রেণী | : | |
| ১৪। ফ্ল্যাট টাইপ | : | ফ্ল্যাট ব্লকের ফ্লোর নং: |
| ১৫। ফ্ল্যাটের পরিমাণ | : | বর্গফুট: টাকা (প্রতি বর্গফুট) |
| | | = সর্বমোট টাকা |
| | | (কথায় ) |
| ১৬। গাড়ী পার্কিং | : | হ্যাঁ/না |
| ১৭। জামানতের বিবরণ | : | জামানতের পরিমাণ টাকা |
| | | (কথায় ) |
| ১৮। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং | : | ব্যাংকের নাম: |
| | | শাখা: তারিখ: |

আমি নিম্নস্বাক্ষরকারী আবেদনপত্রের সাথে বর্ণিত ফ্ল্যাটের অবস্থান, টাইপ, আয়তন, ব্রোসিয়ার ও প্রসপেক্টাস সম্পর্কে বিশেষভাবে জ্ঞাত হয়ে আবেদন করছি।

স্বাক্ষর

আবেদনকারী নাম

তারিখ